

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date : 14-08-2025  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**PRESIDENT TO Address:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ৭৯তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন। এই ভাষণ আকাশবাণীর সমগ্র জাতীয় নেটওয়ার্কে সন্ধ্যা ৭টা থেকে সম্প্রচার করা হবে এবং দূরদর্শনের সমস্ত চ্যানেলেও হিন্দি এবং তারপরে ইংরেজিতে সম্প্রচার করা হবে। দূরদর্শনে হিন্দি এবং ইংরেজিতে ভাষণ সম্প্রচারের পরে আঞ্চলিক চ্যানেলগুলি আঞ্চলিক ভাষায় সম্প্রচার করবে। আকাশবাণী রাত ৯:৩০ মিনিটে তার নিজ নিজ আঞ্চলিক নেটওয়ার্কে আঞ্চলিক ভাষার সংস্করণ সম্প্রচার করবে। এই কারণে সন্ধ্যায় কলকাতা কেন্দ্র থেকে প্রচারিত বাংলা সংবাদ রাত ৮ টায় সম্প্রচার করা হবে। যথারীতি আকাশবাণী আগরতলার ককবরক সংবাদ এবং বাংলায় স্থানীয় সংবাদ সম্প্রচারিত হবে রাত ৮ টা ১০ এবং রাত ৮ টা ২০ মিনিট থেকে।

\*\*\*\*\*

**PM Modi to lead Independence Day Celebration:**

১৫ই আগস্ট দেশ ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির ঐতিহাসিক লাল কেলা থেকে উদযাপনের নেতৃত্ব দেবেন। অনুষ্ঠানে প্রধান মন্ত্রী জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন। ২০৪৭ সালের মধ্যে সরকারের ভাবনা "বিকশিত ভারত" বাস্তবায়নের দিকে দেশ যখন বিশাল পদক্ষেপ নিচ্ছে, তখন এই বছরের উদযাপনের থিম হল "নয়া ভারত"। এই বছর স্বাধীনতা দিবস উদযাপনের সময় "অপারেশন সিন্দুর"-

এর সাফল্য উদযাপন করা হবে। এই বছর লাল কেলায় উদযাপন দেখার জন্য বিভিন্ন স্তরের প্রায় পাঁচ হাজার বিশেষ অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে। সারা ভারত থেকে বিভিন্ন প্রকল্প রূপায়নে দৃষ্টান্ত স্থাপনকারী ২১০ জন পঞ্চায়েতের জন প্রতিনিধিও এই সমারোহে উপস্থিত থাকবেন। এদের মধ্যে রাজ্যের ৫ জনও রয়েছেন।

\*\*\*\*\*

### **Vibrant villages programme :**

দিল্লির লাল কেলায় স্বাধীনতা দিবস উদযাপনে রাজ্যের সীমান্তবর্তী গ্রামের ছয়জন ব্যক্তিকে অংশগ্রহণের সুযোগ করে দিল বিএসএফ। ভারত সরকারের প্রাণবন্ত গ্রাম কর্মসূচিতে এই ছয়জনকে গতকাল আগরতলা থেকে বিমানে দিল্লিতে পাঠানো হয়েছে।

\*\*\*\*\*

### **Amrit Udyan :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ রাষ্ট্রপতি ভবনে অমৃত উদ্যানের গ্রীষ্মকালীন প্রদর্শনীর উদ্বোধন করবেন। এটি আগামী শনিবার থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। সময় সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। এই সময়ে অমৃত উদ্যানে বিনামূল্যে প্রবেশ করা যাবে।

\*\*\*\*\*

### **Har Ghar Tiranga Sushanta Chowdhury :**

জিরানীয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে এবং হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল এক তিরঙ্গা র্যালি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, মহকুমা শাসক অনিমেস ধর, মহকুমা পুলিশ আধিকারিক কমল কৃষ্ণ কলই প্রমুখ।

\*\*\*\*\*

## **Har Ghar Tiranga-Khowai :**

খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসাবে আজ এই জেলায় হান্ডবল প্রতিযোগিতা, পথ নাটক ইত্যাদি কর্মসূচি পালন করা হবে। তিনি জানান, আগামীকাল ১৫ই আগষ্ট স্বাধীনতা দিবসে খোয়াই জেলার মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা।

\*\*\*\*\*

## **হর ঘর তিরঙ্গা:**

৭৯ তম স্বাধীনতা দিবস উপলক্ষে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে ললিত কলা একাডেমি নর্থ ইস্ট রিজিওনাল সেন্টার আগরতলার পক্ষ থেকে গতকাল এক বাইক মিছিল অনুষ্ঠিত হয়। নজরুল কলার ক্ষেত্র থেকে বাইক মিছিল শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিভ্রমণ করে।

\*\*\*\*\*

## **Medical officer :**

স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরে চিকিৎসক নিয়োগের জন্য ২১৬ জনের নাম সুপারিশ করেছে টিপিএসসি। গত বছর এই নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছিল। গতকাল মেধা তালিকা প্রকাশ করেছেন টিপিএসসি-র সচিব এস মগ। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা নির্বাচিত মেডিক্যাল অফিসারদের শুভেচ্ছা জানিয়েছেন।

\*\*\*\*\*

## **Kanchanjangha stoppage Jolaibari :**

আজ থেকে জোলাইবাড়ি ও বিলোনিয়া স্টেশানে শুরু হল শিয়ালদহ - সাক্রম - শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের স্টপেজ। সকাল ৬ টা ৪৫ মিনিটে সাক্রম থেকে আসা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস জোলাইবাড়ি স্টেশন থেকে বিলোনিয়ার উদ্দেশ্যে রওয়ানা হয়েছে। সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া সহ রেলের আধিকারিকরা সবুজ পতাকা নেড়ে জোলাইবাড়ি থেকে যাত্রার সূচনা করান।

\*\*\*\*\*

### **Blood Donation-Dhalai :**

ধলাই জেলার সালেমা ব্লক কার্যালয়ে আজ উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না দাস পাল, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিনা দাস বিশ্বাস, ভাইস চেয়ারম্যান ননীগোপাল কর প্রমুখ। শিবিরে ৪৮ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

### **প্রথম ডিভিশন :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ফরোয়ার্ড ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ফরোয়ার্ড ক্লাব ৫-১ গোলে রামকৃষ্ণ ক্লাবকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে দু'এক পশলা বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে ৫ টা পর্যন্ত পরিমাপ যোগ্য বৃষ্টিপাত ৩

মিলিমিটার | এদিকে, সারা রাজ্যে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে  
|

\*\*\*\*\*